



সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০২.২৫.০৫৭.১৬. ৫২৪

তারিখ : ১৫ অক্টোবর ২০২৩ খ্রি.

## প্রেস রিলিজ

ঢাকা: ১৫ অক্টোবর, ২০২৩

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত ১২ (বার) সপ্তাহব্যাপী বিসিএস (তথ্য) ৪০তম পেশাগত প্রবেশক প্রশিক্ষণ পাঠ্যধারার উদ্বোধন অনুষ্ঠান আজ ১৫ অক্টোবর ২০২৩ খ্রি. রবিবার বিকেল ৩:০০ টায় ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। বিসিএস তথ্য ক্যাডার কর্মকর্তাদের চাকুরি স্থায়ীকরণের জন্য পেশাগত প্রবেশক পাঠ্যধারাটি অত্যাবশ্যকীয়। এ পাঠ্যধারায় তথ্য অধিদফতর, বাংলাদেশ বেতার, গণযোগাযোগ অধিদপ্তর এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর থেকে মোট ১৯ (উনিশ) জন নবীন কর্মকর্তা অংশগ্রহণ করেন। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ ফারুক আহমেদ, অতিরিক্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একই মন্ত্রণালয়ের যুগ্ম সচিব, জনাব মোঃ নজরুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক নূরুন নাহার হেনা (অতিরিক্ত সচিব)। এছাড়া পাঠ্যধারা উপদেষ্টা ড. মো. মারুফ নাওয়াজ ও পাঠ্যধারা পরিচালক মিজ তানিয়া খান উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের সভাপতি তাঁর বক্তব্যে বাংলাদেশের অগ্রযাত্রায় সরকারি কর্মকর্তাদের নিবেদিতপ্রাণ, দক্ষ ও প্রযুক্তি বান্ধব কর্মকৌশলের মাধ্যমে দেশের কল্যাণে অবদান রাখার জন্য প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের আহ্বান জানান।

প্রশিক্ষণার্থীদেরকে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলা করেই তত্ত্বীয় ও ব্যবহারিক পাঠদানের মাধ্যমে বহুমুখী দক্ষ কর্মকর্তা হিসেবে গড়ে তোলাই এ পাঠ্যধারার মূল লক্ষ্য।

আবদুল হান্নান

গণসংযোগ কর্মকর্তা

ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

### বিতরণ: সদয় কার্যার্থে

- ০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা
- ০২। মুখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশে টিভি/এনটিভি/সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর/ কমিউনিটি বেতারসমূহ।
- ০৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। কার্যালয় নথি।